দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 27 APR 2017 ..
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ......

## মাউশির দৃষ্টি আকর্ষণ

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) বিগত ৭.৩.২০১৩ তারিখে রাজস্বখাতভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের জন্য ২৩টি ক্যাটাগরিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। সেখানে বিভিন্ন বিষয়ের প্রদর্শক, শরীরচর্চা শিক্ষক, কম্পিউটার অপারেটর, অফিস সহকারী, হিসাব সহকারী, এমএলএসসহ ১৯৬৫টি শূন্যপদ ছিল। ২০১৩ সালের সেপ্টেম্বরে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিগত ৩ বছরেও ফলাফল না দিয়ে ৫.৪.২০১৬ তারিখে মাউশি ঐ পরীক্ষা বাতিল করে ১৭.৬.২০১৬ তারিখে বিভিন্ন বিষয়ের প্রদর্শক পদে লিখিত পরীক্ষা পুনরায় গ্রহণ করে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা ১৬.৭.২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। মৌখিক পরীক্ষা দেবার পর প্রায় ১০ মাস পার হয়ে গেলেও এখনো ফলাফলের খবর নাই। এ অবস্থায়, যতদ্রুত সম্ভব ফলাফল প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আমরা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আশা, সুমন, আমিনুর, রাসেল, ঢাকা

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর